

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নন্দীগ্রাম বগুড়া।
nondigram.bogra.gov.bd



স্মারক নং - ০৫.৫০.১০৬৭.০০০.১৭.০০৬.২১.

১৯ ফাল্গুন ১৪২৭ বঃ
তারিখ : -----
০৪ মার্চ ২০২১ খ্রিঃ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল এর নির্দেশক্রমে সংশ্লিষ্ট কমিটি কর্তৃক নন্দীগ্রাম উপজেলায় মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের কাজ আগামী ৬ এপ্রিল, ২০২১ খ্রিঃ হতে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ সভাকক্ষে (ভদ্রবতী) অনুষ্ঠিত হবে। সাক্ষাতকালীন শুধুমাত্র ভারতীয় বা লাল মুক্তিবর্তায় তালিকাভুক্ত এ উপজেলাধীন আত্মী বীর মুক্তিযোদ্ধাগণের উপস্থিতিতে (স্বাস্থ্যবিধি মেনে) যাচাই-বাছাই করা হবে। নিম্নোক্ত ০৫ (পাঁচ) ক্যাটাগরির ব্যক্তিগণ উক্ত যাচাই-বাছাই এর আওতাভুক্ত হবেন।

- ০১। লাল তালিকায় অন্তর্ভুক্ত কিন্তু যার বিরুদ্ধে অভিযোগ রয়েছে;
- ০২। তালিকা ভুক্তির জন্য অনলাইনে এবং নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি জামুকায় আবেদনকৃত;
- ০৩। ভারতীয় তালিকা বা লাল মুক্তিবর্তা তালিকাভয়ের বাইরে শুধুমাত্র তালিকাভুক্ত/সরাসরি চাকুরি গ্রহণের সময় ঘোষণা প্রদানকৃত/শুধুমাত্র সাময়িক সনদপ্রাপ্ত;
- ০৪। ভারতীয় তালিকা বা লাল মুক্তিবর্তা তালিকাভয়ের বাইরে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল (মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষরিত) কর্তৃক প্রদত্ত সনদপ্রাপ্ত; এবং
- ০৫। স্থগিতকৃত গেজেটভুক্ত সদস্যগণ।

নির্ধারিত তারিখে আবশ্যিকভাবে জামুকা কর্তৃক নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন, বয়সের প্রমাণ (এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ) মুক্তিযুদ্ধে অংশগ্রহণের পক্ষে দালিলিক প্রমাণ ও সহযোদ্ধা সাক্ষীগণসহ উপরোক্ত ০৫ (পাঁচ) ক্যাটাগরির আবেদনকারী/ব্যক্তিগণকে (আবেদনকারী/সংশ্লিষ্ট ব্যক্তি মৃত হলে তার বৈধ উত্তরাধিকারী) হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো। যাচাই-বাছাইকালে সকল কাগজপত্র ও দলিলাদির মূলকপি কমিটির সামনে সাক্ষাত গ্রহণ কালে প্রদর্শন করতে হবে এবং সকল কাগজপত্র ও দলিলাদির ০১ (এক) সেট সত্যায়িত কপি জমা দিতে হবে। উল্লেখ্য ভূয়া সাক্ষ্য-প্রমাণ/দলিল, মিথ্যা তথ্য উপস্থাপন করলে ভাতা বাতিলসহ আবেদনকারী ও সাক্ষীগণের বিরুদ্ধে কঠোরতম আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, আগামী ১৪/০৩/২০২১ হতে ২১/০৩/২০২১ তারিখ পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় হতে ফরম সংগ্রহ করে পূরণপূর্বক আগামী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে।


যাচাই-বাছাই এর সময়সূচী

ক্রঃ নং	তারিখ	সময়	যাঁদের যাচাই-বাছাই করা হবে	মন্তব্য
০১.	০৬/০৪/২০২১ খ্রিঃ মঙ্গলবার	সকাল ১০ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত।	নন্দীগ্রাম পৌরসভা, নন্দীগ্রাম সদর ও ভাটগ্রাম ইউনিয়ন, নন্দীগ্রাম, বগুড়া।	

পাতা নং-০২

০২.	০৭/০৪/২০২১ খ্রিঃ বুধবার	সকাল ১০ টা হতে বিকাল ০৩ টা পর্যন্ত।	বুড়ইল, ভাটরা ও থালতামাবাগ্রাম ইউনিয়ন, নন্দীগ্রাম, বগুড়া।
-----	----------------------------	-------------------------------------	--

বিঃ দ্রঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে
যাচাই-বাছাইয়ের তালিকা প্রকাশ করা হবে।


(বীর মুক্তিযোদ্ধা মোঃ মুজিবুর রহমান)
সভাপতি
উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি
নন্দীগ্রাম, বগুড়া।

১৯ ফাল্গুন ১৪২৭ বঃ


স্মারক নং - ০৫.৫০.১০৬৭.০০০.১৭.০০৬.২১. - ৩৩৫

তারিখ : -----

০৪ মার্চ ২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

- ১। মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জাতীয় স্কাউটস ভবন, কাকরাইল ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। জেলা প্রশাসক, বগুড়া।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নন্দীগ্রাম, বগুড়া।
- ৬। মেয়র, নন্দীগ্রাম পৌরসভা, নন্দীগ্রাম, বগুড়া। (স্ব-স্ব এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। উপজেলা.....কর্মকর্তা, নন্দীগ্রাম, বগুড়া। (তার কার্যালয়ে নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৮। অফিসার ইন-চার্জ, নন্দীগ্রাম থানা, নন্দীগ্রাম, বগুড়া।
- ৯। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), নন্দীগ্রাম, বগুড়া। (স্ব-স্ব এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, নন্দীগ্রাম, বগুড়া। (যাচাই-বাছাই এর সময় শুধুমাত্র ভারতীয় বা লাল মুক্তিবর্তায় তালিকাভুক্ত এ উপজেলাধীন সকল বীর মুক্তিযোদ্ধার উপস্থিতি নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সকল ইউনিয়ন কমান্ডারগণের মাধ্যমে সংশ্লিষ্টগণের মধ্যে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১১। জনাব..... সভাপতি/সদস্য, উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি, নন্দীগ্রাম, বগুড়া (নির্ধারিত তারিখ ও সময়ে যাচাই-বাছাই স্থলে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, নন্দীগ্রাম, বগুড়া (উপজেলার ওয়েব সাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ১৩। নোটিশ বোর্ড, কার্যালয়/অফিস কপি।


(মোছাঃ শারমিন আখতার)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সদস্য-সচিব

উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই কমিটি
নন্দীগ্রাম, বগুড়া।